**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার জ্যাকশন গেইট এলাকায় ৫০ শয্যাবিশিষ্ট আরবান কমিউনিটি হেলথ সেন্টার-আগরতলা সিভিল হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।**

**(২) জিবি হাসপাতালের পরিকাঠামো উন্নয়নে উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার।**

**(৩) ভারত ও থাইল্যান্ড আজ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার জন্য ছয়টি চুক্তি স্বাক্ষর করেছে ।**

**(৪) তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে ব্লাডমাউথ ক্লাব খেলবে জয়নগর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে ।**

**(৫) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ তিনটি ক্রীড়া পরিকাঠামোর উদ্বোধন করেন ।**

*****************************************

**Civil Hospital-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার জ্যাকশন গেইট এলাকায় ৫০ শয্যাবিশিষ্ট আরবান কমিউনিটি হেলথ সেন্টার-আগরতলা সিভিল হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তিনি সাংবাদিকদের জানান, হাসপাতালটির কাজ আগামী ৬ মাসের মধ্যে শেষ হবে। এর দেখাশোনার দায়িত্বে রয়েছে আগরতলা পুরনিগম। আগরতলা শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত হওয়ায় এই হাসপাতালে শহরের সাধারণ নাগরিক, ব্যবসায়ী, শহরতলী এবং দূরদুরান্ত থেকে বিভিন্ন কাজে আগরতলায় আগত মানুষজন, শ্রমিক

স্বাস্থ্য পরিষেবার সুযোগ নিতে পারবেন। এরফলে নিকটবর্তী আইজিএম হাসপাতালে রোগীর চাপ অনেকটাই কমবে। তিনি আরও বলেন, দেশের অন্যান্য বড় শহর বিশেষ করে মুম্বাইতে পুরনিগম পরিচালিত এই ধরণের হাসপাতাল রয়েছে। তাই আগরতলায়ও পুরনিগম পরিচালিত হাসপাতাল স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। এই হাসপাতালে সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত ওপিডি পরিষেবা থাকবে। মেডিসিন, প্রসূতি, দন্ত ইত্যাদি বিভাগগুলির পরিষেবা গ্রহণেরও সুবিধা থাকবে। এই হাসপাতালকে কেন্দ্র করে জ্যাকশন গেইট এলাকায় কর্মসংস্থানের সুযোগ যেমন সৃষ্টি হবে তেমনি ক্ষুদ্র ব্যবসায়ীরাও উপকৃত হবেন বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন।

########Byte-CM#########

আগরতলা সিভিল হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, আগরতলা পুর নিগমের কমিশনার শৈলেশ কুমার যাদব প্রমুখ।

**************************

**GB Hospital :**

জিবি হাসপাতালের পরিকাঠামো উন্নয়নে উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। একান্ত সাক্ষাৎকারে এ খবর জানিয়েছেন জিবি হাসপাতালের সুপার ডা: শঙ্কর চক্রবর্তী। তিনি জানান বর্তমানে জিবি হাসপাতালে ৯টি সুপার স্পেশালিটি ব্লক রয়েছে। রোগীদের পরিষেবা প্রদানের সুবিধার জন্য নতুন সুপার স্পেশালিটি ব্লকে আরো একটি ক্যাথ ল্যাব করা হবে। আরো একটি এম.আর.আই মেশিন ক্রয় করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি জানান, জিবি হাসপাতালে রোগীর পরিবারের লোকজন যাতে রাত্রিযাপন করতে পারেন তার জন্য নাইট শেল্টার তৈরি করা হচ্ছে। রোগীদের পরিবারের জন্য ওয়েটিং শেডও তৈরি করা হচ্ছে। তাছাড়া ২০০ শয্যার শিশু স্ত্রী ও প্রসূতি বিভাগ তৈরি করা হচ্ছে। এতে ২০৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ডা: চক্রবর্তী আরো জানান, উত্তর পূর্বাঞ্চলের মধ্যে একমাত্র

আগরতলার জিবি হাসপাতালে রয়েছে জেরিয়াট্রিক বিভাগ। জিবি হাসপাতালে আলাদা স্ট্রোক ওয়ার্ড তৈরি করা হচ্ছে। এতে স্ট্রোকের রোগীদের চিকিৎসার ক্ষেত্রে কি ধরনের সুবিধা হবে এ ব্যাপারে তিনি বিস্তারিত উল্লেখ করেন।

######Byte-Dr. Shankar Chakraborty######

************************************

**Industry :**

ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম গত তিন বছরে শিল্প উন্নয়নে কেন্দ্রীয় সরকার থেকে সরাসরি মোট ৫ কোটি ১৭ লক্ষ টাকা ও শিল্প দপ্তর থেকে ৫ কোটি ৬২ লক্ষ টাকা পেয়েছে। ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম এর অধীনস্থ শিল্পাঞ্চলে গত তিন বছরে প্লাষ্টিক জাতীয় পণ্য, পানীয় জল, বিভিন্ন রকমের মুখরোচক খাদ্য, প্লাইউড, রাবার মেশিন সার্ভিসিং ইউনিট, ই-স্ক্র্যাপ কারখানা গড়ে উঠেছে। সরকারি সূত্রে এই তথ্য জানা গেছে।

***************************

**Charilam Panchayat Samity :**

চড়িলাম পঞ্চায়েত সমিতির শিক্ষা, পরিবেশ, সংস্কৃতি, ক্রীড়া ও স্বাস্থ্য প্রভৃতি বিষয়ক স্থায়ী কমিটির এক সভা আজ অনুষ্ঠিত হয়। চড়িলাম ব্লকে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি দেবী চক্রবর্তী। সভায় চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান খেলা ভৌমিক বলেন, পঞ্চায়েত উন্নয়ন তহবিলের মাধ্যমে ব্লক এলাকার বিভিন্ন বিদ্যালয় এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রে প্রয়োজনের ভিত্তিতে সংস্কার এবং পানীয়জলের ব্যবস্থা করা হবে। তিনি বাল্যবিবাহ রোধ, নেশামুক্ত সমাজ গঠনে পঞ্চায়েতভিত্তিক জনসচেতনতা গড়ে তোলার উপর সভায় গুরুত্ব আরোপ করেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM, Thailand :**

ভারত ও থাইল্যান্ড আজ তথ্যপ্রযুক্তি, সমুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প, হস্তশিল্প এবং তাঁত ক্ষেত্র সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার জন্য ছয়টি চুক্তি স্বাক্ষর করেছে। আজ বিকেলে ব্যাংককে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং থাইল্যান্ডের প্রধানমন্ত্রী পেটোংটার্ন সিনাওয়াত্রার মধ্যে দ্বিপাক্ষিক আলোচনার পর এই চুক্তিগুলি বিনিময় করা হয়। উভয় পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের সমগ্র স্তরের অগ্রগতি পর্যালোচনা করে এবং ভারত-থাইল্যান্ড দ্বিপাক্ষিক অংশীদারিত্বকে আরও গতিশীল করার উপায় নিয়ে আলোচনা করে এবং আঞ্চলিক ও বহুপাক্ষিক বিষয়গুলিতে মতামত বিনিময় করে। প্রধানমন্ত্রী মোদী আনুষ্ঠানিকভাবে গার্ড অফ অনার গ্রহণ করেন। দ্বিপাক্ষিক আলোচনার পর তার যৌথ বিবৃতিতে, প্রধানমন্ত্রী মোদী ভারত-থাইল্যান্ড সম্পর্ককে কৌশলগত অংশীদারিত্বে উন্নীত করার সিদ্ধান্ত ঘোষণা করেন। তিনি বলেন যে ভারতের 'অ্যাক্ট ইস্ট' নীতি এবং ইন্দো-প্যাসিফিক দৃষ্টিভঙ্গিতে থাইল্যান্ডের একটি বিশেষ স্থান রয়েছে।

########Byte-PM#######

শ্রী মোদী বলেছেন যে তারা উভয় দেশের নিরাপত্তা সংস্থাগুলির মধ্যে একটি কৌশলগত সংলাপ প্রতিষ্ঠার বিষয়ে আলোচনা করেছেন।

এদিকে, ষষ্ঠ বিমসটেক শীর্ষ সম্মেলনে অংশগ্রহণের জন্য আজ থাইল্যান্ডের ব্যাংককে পৌঁছানোর পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। বিমানবন্দরে পৌঁছানোর পর, উপ-প্রধানমন্ত্রী এবং পরিবহন মন্ত্রী সুরিয়া জুংরুংগ্রেয়াংকিট তাকে গার্ড অফ অনার প্রদান করেন এবং স্বাগত জানান। হোটেলে পৌঁছানোর সঙ্গে সঙ্গে ভারতীয় সম্প্রদায়ের পক্ষ থেকে তাকে স্বাগত জানানো হয়।

প্রধানমন্ত্রী আজ থাই রামায়ণ, রামাকিয়েনের একটি মনোমুগ্ধকর পরিবেশনাও প্রত্যক্ষ করেন। তিনি বলেন যে এটি সত্যিই একটি সমৃদ্ধ অভিজ্ঞতা যা ভারত ও থাইল্যান্ডের মধ্যে সাংস্কৃতিক ও সভ্যতার বন্ধনকে সুন্দরভাবে তুলে ধরে।

****************************

**Thailand Gift :**

থাইল্যান্ডের প্রধানমন্ত্রী পায়োংটার্ন সিনাওয়াত্রা আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে পালি ভাষায় লেখা তিপিটক উপহার দেন। শ্রী মোদী এজন্য কৃতজ্ঞতা প্রকাশ করে সামাজিক মাধ্যমে বলেন, পালি সত্যিই একটি সুন্দর ভাষা, যার মধ্যে ভগবান বুদ্ধের শিক্ষার সারাংশ রয়েছে। তিনি আরও বলেন, ভারত সরকার গত বছর পালিকে ধ্রুপদী ভাষার মর্যাদা দিয়েছে।

****************************

**Waqf Bill :**

রাজ্যসভায় ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৫ নিয়ে আলোচনা চলছে। বিলটির লক্ষ্য ওয়াকফ সম্পত্তির ব্যবস্থাপনাকে সুগম করা, ঐতিহ্যবাহী স্থানগুলি রক্ষা এবং সামাজিক কল্যাণ প্রচারের বিধান রাখা। আইনটির লক্ষ্য সম্পত্তি ব্যবস্থাপনায় স্বচ্ছতা বৃদ্ধি, ওয়াকফ বোর্ড এবং স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে সমন্বয় সুগম করা এবং অংশীদারদের অধিকার রক্ষা করে প্রশাসন উন্নত করা। বিলটি মুসলিম মহিলাদের, বিশেষ করে বিধবা এবং তালাকপ্রাপ্ত মহিলাদের অর্থনৈতিক ও সামাজিক অবস্থা উন্নত করারও লক্ষ্য রাখে। বিলটি ওয়াকফ বোর্ডকে আরও অন্তর্ভুক্তিমূলক করে তোলার উদ্দেশ্যে তৈরি, যাতে উন্নত ওয়াকফ প্রশাসন এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য বিভিন্ন মুসলিম সম্প্রদায়ের প্রতিনিধিত্ব থাকবে।

বিলটি উত্থাপন করে সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন যে, অংশীদারদের সাথে এবং যৌথ সংসদীয় কমিটিতে বিস্তারিত আলোচনার পর বিলটি আনা হয়েছে। তিনি বিরোধী দলগুলিকে এই বিলটিকে সমর্থন করার আহ্বান জানান। বিরোধী দলের অভিযোগ প্রত্যাখ্যান করে তিনি বলেন, কেবল মুসলিমরাই ওয়াকফের সুবিধা পেতে পারেন এবং কোনও অমুসলিম ওয়াকফ সম্পত্তির ব্যবস্থাপনায় হস্তক্ষেপ করবেন তা ঠিক নয়। তিনি উল্লেখ করেন যে বিলটি ওয়াকফ সম্পত্তির উন্নত ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য এবং মুসলিমদের ধর্মীয় রীতিতে হস্তক্ষেপ না করার জন্য তৈরি করা হয়েছে। আলোচনায় অংশ নিয়ে কংগ্রেসের ডঃ সৈয়দ নাসির হোসেন বলেন যে এই বিলটি বিভ্রান্তিকর এবং এটি সাম্প্রদায়িক । ডঃ হুসেনকে বাধা দিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন যে বিরোধীরা জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছে।

ডিএমকে-র তিরুচি শিবা, টিএমসির মোহাম্মদ নাদিমুল হক, আম আদমি পার্টির সঞ্জয় সিং, আরজেডির অধ্যাপক মনোজ কুমার ঝা বিলটির বিরোধিতা করেন।

বিজেপির রাধামোহন দাস অভিযোগ করেছেন যে কংগ্রেসের শাসনকালে দরিদ্র মুসলিমদের জীবনযাত্রার উন্নতির জন্য কোনও কাজ করা হয়নি। গত রাতে লোকসভা বিলটি পাস করেছে।

****************************

**BASANTI PUJA :**

চার দিন ব্যাপী বাসন্তী পূজার আজ ষষ্ঠী ইতিমধ্যেই রাজধানী আগরতলার বিভিন্ন বারোয়ারী পূজা মন্ডপ সাজিয়ে তোলা হয়েছে। আগরতলার দুর্গাবাড়িতে চিরাচরিত প্রথা মেনে পূজার আয়োজন করা হয়েছে। বহু বাড়িতেও এই পূজার আয়োজন করা হয়। বসন্ত কালের এই দুর্গাপূজা রাজ্যে এক উৎসবের আকার নিয়েছে।

**********************************

**Sub-Divisional Level Co-ordination Committee :**

সাব্রুম মহকুমায় আইন শৃংখলা স্বাভাবিক রাখা, সীমান্ত চোরাচালান বন্ধে ও সীমান্ত অপরাধ রুখতে আজ সাব্রুম মহকুমা শাসকের কার্যালয়ে মহকুমা

প্রশাসনিক সমন্বয় কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকারের পৌরাহিত্যে অনুষ্ঠিত এই সভায় মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, বিএসএফের ১২১ ও ১১৪ বাহিনীর কোম্পানি কমান্ডারগন, সাব্রুম ও মনুবাজার থানা এবং মনুবনকুল, কলাছড়া ও শ্রীনগর আউট পোস্টের ও.সি এবং রাজ্য ও কেন্দ্রীয় সরকারের গোয়েন্দা বিভাগের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

**************************

**BJP :**

বি,জে,পি'র উদ্যোগে কৈলাশহরস্থিত জেলা কার্যালয়ে আজ এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন, দলের জেলা সভাপতি বিমল কর। উপস্থিত ছিলেন, দলের প্রদেশ সাধারণ সম্পাদক, বিধায়ক ভগবান চন্দ্র দাস,রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি সহ জেলা নেতৃত্ব। বিধায়ক ভগবান চন্দ্র দাস জানান, বৈঠকে আগামী ৬ই এপ্রিল বি.জে.পি'র প্রতিষ্ঠা দিবস উপলক্ষে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**************************

**Sports Infrastructure :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ একসাথে তিনটি ক্রীড়া কাঠামোর উদ্বোধন করেন। বাধারঘাটের দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্সে সিন্থেটিক এথলেটিক ট্র্যাক, এস্ট্রোটার্ফ হকি মাঠ সহ ত্রিপুরা স্পোর্টস স্কুলে এস্ট্রোটার্ফ ফুটবল মাঠের উদ্বোধন হয় এদিন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বর্তমান সময়ে যুবসমাজকে সঠিক দিশা দেখাতে মুখ্যমন্ত্রী খেলাধুলার উপর গুরুত্ব দেন। তিনি বলেন, বর্তমান সময়ে নেশার কবলে পড়ে যুবসমাজ বিপথে চালিত হচ্ছে। একমাত্র খেলাধুলাই পারে তাদের সঠিক দিশা দেখাতে। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় রাজ্যে ক্রীড়া কাঠামো গড়ে তোলার ক্ষেত্রে সরকারের ইতিবাচক পদক্ষেপের নানা দিক তুলে ধরেন। পরে তিনি এদিনের অনুষ্ঠানে রাজ্যের বাইরে খেলতে যাওয়া খেলোয়াড়দের সুরক্ষার জন্য বীমার ঘোষনা করেন। অনুষ্ঠানে পৌরহিত্য

করেন এলাকার বিধায়িকা মীণারাণী সরকার। সবশেষে মুখ্যমন্ত্রী সহ অতিথিরা তিনটি পরিকাঠামোই ঘুরে দেখেন।

***************************

**Knockout Cricket :**

তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে ব্লাডমাউথ ক্লাব খেলবে জয়নগর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে। আগামী ৫ এপ্রিল ফাইনাল খেলাটি হবে। আজ আসরের দুটি সেমিফাইনাল হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব ২ উইকেটে সংহতি ক্লাবকে এবং পুলিশ ট্রেনিং একাডেমী মাঠে ব্লাডমাউথ ক্লাব ৬ রানে কসমোপলিটন ক্লাবকে পরাজিত করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় উত্তর জেলার দুই একটি স্থানে বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে।

*****************************